**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 07-05-2026** | **Desk in Charge : S.D.G.**
**Time : 7-35AM** | **Edit. & Compile : Priya B.**
**DEO : KB** | **NRT : Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে, দুষ্কৃতীদের গুলিতে বিজেপি নেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় চরম রাজনৈতিক উত্তেজনা। # চন্দ্রনাথের গাড়ির চালক'ও গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। #তৃণমূল কংগ্রেস, পরিকল্পনা-মাফিক এই খুন করেছে বলে বিজেপির দাবী। #অন্যদিকে, তৃণমূল কংগ্রেস এই ঘটনার জন্য আদালতের নজরদারিতে CBI তদন্তের দাবী জানিয়েছে।

২/ বসিরহাটে গুলিবিদ্ধ বিজেপি কর্মী।

৩/ বর্তমান রাজ্য বিধানসভার মেয়াদ, আজ শেষ হচ্ছে। #২৫ শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে বিজেপি সরকার শপথ গ্রহণ করবে। #নবনির্বাচিত বিধায়কদের বৈঠকে আগামীকাল পরিষদীয় দলের নেতা নির্বাচন করা হবে।

৪/ রাজনৈতিক পালাবদলের আবহে 'পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটি'র সদস্যদের অবিলম্বে, নিয়মিত সরকারি কাজে ফিরিয়ে আনার নির্দেশ দিয়েছে পুলিশ ডিরেক্টারেট।

৫/ চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হবে।

৬/ ঘূর্ণাবর্ত ও অনুকূল বায়ু প্রবাহের ফলে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*****************************************************************************

নব নির্বাচিত সরকারের শপথ গ্রহণের দুদিন আগেই, উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামে, দুষ্কৃতীদের গুলিতে বিজেপি নেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায়, উত্তেজনা ছড়িয়েছে।

জানা গেছে, বিধানসভায় কাজ সেরে গতরাতে চন্দ্রনাথ, গাড়ি করে মধ্যমগ্রামে নিজের বাড়ি ফিরছিলেন। দোহারিয়া এলাকায় বাড়ির অদূরেই উল্টোদিক থেকে আসা একটি গাড়ি তাঁর পথ আটকায়। এরপরই দুষ্কৃতীরা বাইকে করে এসে চন্দ্রনাথকে লক্ষ্য করে খুব কাছ থেকে এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করে। গাড়ির কাঁচ ভেদ করে চন্দ্রনাথের বুকে দুটি এবং পেটে একটি গুলি লাগে। গুলিবিদ্ধ হন, তাঁর গাড়ির চালক বুদ্ধদেব বেরাও।

দুজনকে উদ্ধার করে যশোর রোড লাগোয়া একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চন্দ্রনাথকে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। আশঙ্কাজনক অবস্থায় বুদ্ধদেবকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। তাঁর বুকে, পেটে এবং হাতে গুলি লেগেছে বলে খবর। চারটি বাইকে মোট আটজন দুষ্কৃতী ছিল বলে জানা গেছে। আগে থেকেই চন্দ্রনাথের গাড়ির গতিবিধির ওপর নজর রাখা হচ্ছিল বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

আদতে পূর্ব মেদিনীপুরের বাসিন্দা চন্দ্রনাথ, দীর্ঘদিন মধ্যমগ্রাম এলাকায় থাকতেন। বিধানসভা নির্বাচনে ভবানীপুরে শুভেন্দু অধিকারীর হয়ে যে দলটি কাজ করেছে, তার অন্যতম সদস্য ছিলেন চন্দ্রনাথ ও বুদ্ধদেব। খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে পৌঁছান শুভেন্দু অধিকারীর, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, দলের নেতা অর্জুন সিং, রুদ্রনীল ঘোষ, অগ্নিমিত্রা পাল প্রমুখ। বিভিন্ন জায়গা থেকে বিজেপি কর্মীরা হাসপাতাল চত্বরে ভিড় জমান। দোষীদের শাস্তির দাবীতে বিক্ষোভ দেখান তারা। পরিস্থিতি সামাল দিতে এলাকায় নামানো হয় কেন্দ্রীয় বাহিনী ও র‍্যাফ।

***************************

রাতেই যশোর রোডের হাসপাতালে যান রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা। সাংবাদিকদের তিনি জানান, CCTV ফুটেজ খতিয়ে দেখে, আততায়ীদের চিহ্নিত করার কাজ চলছে বলে তিনি জানান।

( বাইট- সিদ্ধিনাথ )

এদিকে, দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবীতে ডিজির গাড়ি ঘিরে বিক্ষোভ দেখান বিজেপির কর্মী সমর্থকরা। এই ঘটনার জন্য তৃণমূল কংগ্রেসকেই দায়ী করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, এর আগেও একাধিক বার দলের নেতাকর্মীদের ওপর আক্রমণ হয়েছে। এই হিংসা বন্ধ হওয়া উচিত।

পরিকল্পনামাফিক, ঠান্ডা মাথায় এই খুন করা হয়েছে বলে শুভেন্দু অধিকারী দাবী করেছেন। হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, পুলিশের তদন্তের ওপর আস্থা রাখছেন তারা। এই পরিস্থিতিতে শান্ত থাকতে এবং আইন নিজেদের হাতে তুলে না নেবার জন্য দলীয় কর্মী ও সমর্থকদের প্রতি আবেদন জানিয়েছেন তিনি।

( বাইট- শুভেন্দু/ মধ্যমগ্রাম )

তৃণমূল কংগ্রেস, ঘটনার তীব্র নিন্দা করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে আদালতের নজরদারিতে CBI তদন্তে দাবী জানিয়েছে তারা।

নির্বাচনের ফল প্রকাশের পর থেকে, হিংসা এবং অরাজক পরিস্থিতির তৈরী হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। এই ধরণের ঘটনা বন্ধ করতে, কঠোর পদক্ষেপ নেওয়ার জন্য প্রশাসনের উদ্দেশে আদেবন জানিয়েছেন তিনি।

CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী'ও পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন।

( বাইট- সুজন )

****************************

উত্তর ২৪ পরগণার বসিরহাটে বিজেপি কর্মীর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বসিরহাট দক্ষিণ বিধানসভার গোডাউন পাড়া এলাকায় গতরাতে রোহিত রায় নামে ওই কর্মীকে লক্ষ্য করে দুষ্কৃতীরা গুলি চালায় বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় তাঁকে প্রথমে বসিরহাট জেলা হাসপাতাল এবং পরে কলকাতায় স্থানান্তরিত করা হয়। এই হামলার জন্য তৃণমূল কংগ্রেসকেই দায়ী করেছে বিজেপি।

***************************

রাজনৈতিক পালাবদলের পর তৃণমূল কংগ্রেস দুষ্কৃতীরা 'বিজেপি কর্মীর ছদ্মবেশে' অশান্তি ছড়াচ্ছে এবং মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরী করছে বলে বিজেপি অভিযোগ করেছে।

বিজেপির পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে সাধারণ মানুষকে এই বিষয়ে সতর্ক করে দিয়ে বলা হয়েছে, যারা ছদ্মবেশ ধরে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করবে কিংবা আইন নিজের হাতে তুলে নেবে, তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। রাজ্যের মানুষ এবার পরিবর্তনের পক্ষে রায় দিয়েছে। নতুন সরকার রাজ্যে আইনের শাসন ফেরাতে বদ্ধপরিকর। হুমকি, সন্ত্রাস বা ভীতি প্রদর্শন কোনোভাবেই বরদাস্ত করা হবে না বলে দলের তরফে জানানো হয়েছে।

বিজেপি সরকার এখনও গঠন না হলেও ফল প্রকাশের পরেই রাজ্যের বিভিন্ন প্রান্তে ওই দলের মদতে সাধারণ মানুষের জীবন - জীবিকার ওপর হামলা শুরু হয়েছে বলে CPIM দাবি করেছে। দলের রাজ্য সম্পাদক মোহাম্মদ সেলিম গতকাল এক বিবৃতি বলেন, ২০১১ সালে নির্বাচনী ফল প্রকাশের পর তৃণমূল কংগ্রেসের পথ অনুসরণ করেই CPIM কর্মীদের ওপর আক্রমণ হচ্ছে।

SUCI communist রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য এক বিবৃতিতে বলেছেন, বিজেপি নেতারা পশ্চিমবঙ্গে কোনও দাঙ্গা-সন্ত্রাস হবে না বললেও সাধারণ মানুষের উপর আক্রমণ-নির্যাতন, তাদের দোকান ঘর-বাড়িতে অগ্নিসংযোগ, লুটপাট চলেছে। এবিষয়ে আজ রাজ্যপালের কাছে তারা ডেপুটেশন জমা দেওয়া দেবেন জানিয়েছেন তিনি।

আইনজীবীদের সংগঠন "অল ইন্ডিয়া ল' ইয়ার্স অ্যাসোসিয়েশন ফর জাস্টিস রাজ্য জুড়ে হিংসার ঘটনা রুখতে আইনের শাসন প্রয়োগ করার দাবি জানিয়েছে। তাঁদের দাবি, বিরোধী রাজনৈতিক দলের অফিস, বাড়ি ও কর্মীদের উপর হামলা চালানো হচ্ছে। হিংসার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার জন্য সংগঠনের পক্ষ থেকে হাইকোর্টের প্রধান বিচারপতির কাছেও আবেদন জানান হয়েছে।

***************************

বর্তমান রাজ্য বিধানসভার মেয়াদ, আজ শেষ হচ্ছে। ২৫ শে বৈশাখ, শনিবার রবীন্দ্র জয়ন্তীতে রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকার শপথ গ্রহণ করবে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল শপথগ্রহণ অনুষ্ঠান এবং ভোট পরবর্তী হিংসা রুখতে নবান্নে মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ সহ প্রশাসনিক কর্তাদের সঙ্গে বৈঠক করেন। সঙ্গে ছিলেন বিজেপির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক, রাজ্যের দলের পর্যবেক্ষক সুনীল বনসল, দলের নেতা সৌমিত্র খাঁ, জ্যোতির্ময় সিং মাহাতো প্রমুখ। পরে এক সাংবাদিক বৈঠকে শমীক ভট্টাচার্য্য জানান, আগামীকাল নবনির্বাচিত বিধায়কদের নিয়ে বৈঠকে পরিষদীয় দলের নেতা নির্বাচন করা হবে। পরদিন ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সকাল ১০’টায় আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ বিজেপি শাসিত একাধিক রাজ্যের  মুখ্যমন্ত্রী উপস্থিত থাকতে পারেন। মমতা ব্যানার্জি মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা না দিলে সাংবিধানিক নিয়ম মেনেই শপথগ্রহন অনুষ্ঠান হবে বলে তিনি জানান।

এদিকে, শপথ গ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪’ হাজার পুলিশকর্মী ওই দিন মোতায়েন থাকবেন। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং ‘কুইক রেসপন্স টিম’ও। এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

***************************

রাজনৈতিক পালাবদলের আবহে বিদায়ী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উদ্যোগে গঠিত পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটির সদস্যদের অবিলম্বে নিয়মিত সরকারি কাজে ফিরিয়ে আনার নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশ ডিরেক্টরেট থেকে জারি হওয়া এক নির্দেশিকায় বলা হয়েছে, ডেভেলপমেন্ট, ওয়েলফেয়ার অ্যান্ড গ্রিভ্যান্স রিড্রেসাল (ডব্লিউজিআর) কমিটিতে নিযুক্ত বা ডেপুটেড থাকা পুলিশকর্মী ও সহায়ক কর্মীরা অনেক ক্ষেত্রেই নিয়মিত সরকারি দায়িত্ব পালন করছেন না। তাই সংশ্লিষ্ট ইউনিট, জেলা ও পুলিশ কমিশনারেটগুলিকে অবিলম্বে সংশোধনমূলক ব্যবস্থা নিয়ে তাঁদের স্বাভাবিক সরকারি ডিউটিতে ফিরিয়ে আনার নির্দেশ দেওয়া হয়েছে।

ডিআইজি (প্ল্যানিং অ্যান্ড ওয়েলফেয়ার), পশ্চিমবঙ্গের তরফে জারি হওয়া এই নির্দেশিকা পাঠানো হয়েছে সমস্ত জেলা পুলিশ সুপার, পুলিশ কমিশনার, ব্যাটালিয়নের কমান্ড্যান্ট, সিআইডি, এসটিএফ, ট্রাফিক, ভিজিল্যান্স কমিশন-সহ রাজ্যের বিভিন্ন পুলিশ ইউনিটে।

২০২০ সালে গঠিত পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটিকে ঘিরে শুরু থেকেই বিতর্ক ছিল। মূলত সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ ও নিম্নস্তরের পুলিশকর্মীদের 'কল্যাণে' এই কমিটি তৈরি করা হয়েছিল বলে সরকার দাবি করলেও, বিরোধীদের অভিযোগ ছিল—কার্যত এটি শাসকদলের ঘনিষ্ঠ সংগঠন হিসেবেই কাজ করছে। বিভিন্ন সময়ে এই কমিটির সভা, কর্মসূচি এবং সাংগঠনিক সক্রিয়তা নিয়েও প্রশ্ন তুলেছিল বিরোধীরা।

***************************

নিউমার্কেটে বুলডোজ়ার নিয়ে বিজয় মিছিলের ঘটনায় চার জনকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে অভিযুক্তদের শনাক্ত করা হয়। বুলডোজ়ারের মালিক এবং চালকের খোঁজে চলছে তল্লাশি।

পুলিশ সূত্রে খবর, ওই এলাকায় বিজেপির বিজয় মিছিলে অনুমতি থাকলেও বুলডোজ়ার নিয়ে যাওয়ার কোনও অনুমতি ছিল না। বেআইনিভাবে ওই মিছিলে বুলডোজ়ার নিয়ে যাওয়ার অভিযোগে সরব হয় তৃণমূল কংগ্রেস। বিজেপির রাজ্য নেতৃত্বও এর বিরোধিতা করেন।

***************************

দলের পরবর্তী রনকৌশল স্থির করতে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি গতকাল কালীঘাটে নবনির্বাচিত বিধায়কদের নিয়ে জরুরি বৈঠক করেন। বৈঠকে তিনি দাবি করেন, অন্তত ১০০টির বেশি আসনে তৃণমূল প্রার্থীদের 'জোর করে হারিয়ে' দেওয়া হয়েছে। ভোট লুঠের অভিযোগে তৃণমূল কংগ্রেস শীঘ্রই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবে বলে সূত্রের খবর।

বৈঠকে দলের অভ্যন্তরীণ কাজের তদারকি ও শৃঙ্খলা বজায় রাখতে নতুন 'শৃঙ্খলা রক্ষা কমিটি' গঠন করে দিয়েছেন তৃণমূল নেত্রী। এই কমিটিতে রয়েছেন ডেরেক ও'ব্রায়েন, ফিরহাদ হাকিম, চন্দ্রিমা ভট্টাচার্য, শুভাশিস চক্রবর্তী এবং অসীমা পাত্র।

পাশাপাশি, জয়ী বিধায়কদের অবিলম্বে নিজ নিজ এলাকায় ফিরে গিয়ে সাধারণ মানুষের পাশে থেকে তিনি কাজ করার নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে। বৈঠকে তৃণমূল কংগ্রেসের ৮০ জন বিজয়ী প্রার্থীদের ৬৯ জন উপস্থিত ছিলেন।

*************************

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হবে। সকাল সাড়ে নটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। পর্ষদের তরফে জানানো হয়েছে, দশটা পনেরো থেকে ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পারবে পরীক্ষার্থীরা। www.wbbsedata.com, www.wbbse.wb.gov.in, www.iResults.in, ওয়েবসাইটগুলিতে রেজাল্ট দেখা যাবে।

এবার পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিকের ফল। দোসরা থেকে ১২ ই ফেব্রুয়ারি পর্যন্ত পরীক্ষা চলে। ৯ লক্ষ ৭১ হাজারের বেশি ছাত্রছাত্রী পরীক্ষায় বসেছিল।

*************************

ঘূর্ণাবর্ত ও অনুকূল বায়ু প্রবাহের ফলে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

তবে উত্তরবঙ্গে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরের কিছু অংশে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড় বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে, হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা এবং পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, হুগলী এবং হাওড়ায় আজ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় দু ডিগ্রি কম।

*****************************************************************